(ঙ) সামাজিকভাবে স্বীকৃত বিজ্ঞাপন মানুষের পক্ষে মঙ্গলময়।

(চ) ইহা পরিবার পরিকল্পনা যা দেশের জন্য একটি বড় প্রয়োজন তা প্রচার করতে সাহায্য করে।

(ছ) ইহা মানুষকে বিভিন্ন রোগ যথা কর্কট রোগ, AIDS সম্পর্কে সচেতন করে।

(জ) কীভাবে ইহার চিকিৎসা হবে সে সম্পর্কে মানুষকে সজাগ করে।

অনৈতিক বিজ্ঞাপন (Unethical advertising) : এগুলি হল :

(ক) যখন কোনো কারবারি প্রতিযোগি বা বিকল্প দ্রব্যের অবমূল্যায়ন করে।

(খ) দ্রব্যের মূল্যের উপর যখন মিথ্যা ও ভুলনির্দেশকারী তথ্য দেয়।

(গ) যখন ইহা অনৈতিক হয়।

(ঘ) যখন ইহা পণ্যের পার্শ্ব প্রতিক্রিয়া সংক্রান্ত তথ্য গোপন করে বা ভুল তথ্য বিতরণ করে।

৪.১.৬ মানবসম্পদ ব্যবস্থাপনায় নীতিবিদ্যা (Ethics in HRM)

কার্যগোষ্ঠীর ব্যবস্থাপনা মানবসম্পদ পরিকল্পনা ও অন্যান্য কর্মী কেন্দ্রীভূত সাংগঠনিক কার্যকলাপের সঙ্গে মানব সম্পদ ব্যবস্থাপনা জড়িত। অতএব, ইহা কারবার ব্যবস্থাপনার একটি অতিগুরুত্বপূর্ণ ও বিশেষ শাখা যেখানে নীতিবিদ্যা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কারণ ইহা মানুষের আবেগ, চিন্তাভাবনার সঙ্গে কার্যকরী সম্পর্কযুক্ত। যেহেতু মানুষ হল সংগঠনে ক্রিয়াগত ও ব্যবস্থাপনার সঙ্গে জড়িত মানব সম্পদের উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য দায়িত্বশীল তাই মানব সম্পদ ব্যবস্থাপনার নৈতিকতার বিষয় হল সর্বাধিক গুরুত্বপূর্ণ।

৪.১.৬.১ মানব সম্পদ ব্যবস্থাপনার ধারণা (Concept of HRM)

মানব সম্পদ ব্যবস্থাপনা হল সংগঠনের অভ্যন্তরের উৎপাদনশীল ক্রিয়াকলাপের সেট্ যা কীভাবে মানুষকে ব্যবহারযোগ্য সম্পদে রূপান্তর করা যায় তার উপর আলোকপাত করে। মানব সম্পদ ব্যবস্থাপনা হল স্বেচ্ছাকৃত, ব্যাপক দৃষ্টিভঙ্গী যার মাধ্যমে মানুষ এবং কাজের জায়গার সংস্কৃতি ও পরিবেশের ব্যবস্থাপনা করা হয়।

মানব সম্পদ ব্যবস্থাপনার কিছু কার্যাবলীর মধ্যে নিম্নলিখিতগুলি অন্তর্ভূক্ত :

ক. **সংগ্রহ করা (Procureement)** এই কার্যের মাধ্যমে কোম্পানির মানব সম্পদ ব্যবস্থাপক প্রতিষ্ঠানের বর্তমান ও ভবিষ্যৎ কর্মীদের শূন্যপদ পূরণ করে এই কাজের মধ্যে কর্মী সংগ্রহ করা ও কর্মী নির্বাচন করার কাজ অন্তর্গত।

খ. **উন্নয়ন (Development)** এই কার্যের দ্বারা কর্মীদের প্রশিক্ষণ ও ব্যবস্থাপনার উন্নয়নকে বোঝায়।

গ. **ক্ষতিপূরণ (Compensation)** কর্মীরা সংগঠনের জন্য অন্য কার্যের সুযোগ ছেড়ে সময় ব্যয় করে ও পরিশ্রম করে যার জন্য ঐ কর্মীদের উপযুক্ত বেতনের কাঠামো ও অন্যান্য সুবিধা কর্মীদের প্রদান করা হয়।

ঘ. **রক্ষনাবেক্ষণ (Maintenance)** এই কাজের মাধ্যমে দক্ষ ও যোগ্যতাসম্পন্ন ভালো কাজের কর্মীকে প্রতিষ্ঠানে ধরে রাখা হয় এবং প্রতিষ্ঠানের কর্মীদের আবর্তনের হার (labour turnover) হ্রাস পায় এবং কর্মীদের কাজে উৎসাহ ও উদ্দীপনা বাড়ানোর জন্য অনুপ্রাণনা, কর্মে আবর্তন, মানব সম্পদ তথ্য পদ্ধতি ইত্যাদি কাজ অন্তর্গত।

ঙ. **একত্রীকরণ (Integration)** ইহার মধ্যে মূলত শিল্প সম্পর্ক অন্তর্গত এবং ইহার লক্ষ্য হল ব্যবস্থাপনা ও কর্মীদের মধ্যে ভালো সম্পর্ক সুনিশ্চিত করা। ইহার মধ্যে কর্মীদের শৃঙ্খলা ও যৌথ দরকষাকষি ইত্যাদি অন্তগর্ত। এর মধ্যে কর্মীদের আন্তসম্পর্ক ও তার উচ্চতর কর্মী বা মনীবের সঙ্গে সম্পর্ককেও বোঝায়।

৪.১.৬.২ মানব সম্পদ ব্যবস্থাপনায় নীতিবিদ্যা (Ethical issues in HRM)

প্রতিটি ব্যাবসায়িক প্রতিষ্ঠানে (living) মানব ও অমানব (non-living) উপাদান থাকে। যেকোনো প্রতিষ্ঠানের সাফল্য তার অমানব উপাদানের থেকেও মানব উপাদানের উপর বেশি নির্ভর করে। কারণ যাবতীয় সাংগঠনিক কাজ মা[illegible]দ সম্পাদন করে থাকে। যেহেতু